পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ
POWER GRID COMPANY OF BANGLADESH LTD.
*(An Enterprise of Bangladesh Power Development Board)*

**PGCB Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212** **web: www.pgcb.gov.bd**

স্মারক নং- ২৭.২১.২৬০৭.৪২০.১৪.১০১.১৯.০২৩ তারিখঃ ১১ আগষ্ট ২০২১খ্রিঃ

# সর্তকীকরণ বিজ্ঞপ্তি

ঢাকা জেলার অন্তর্গত **লালবাগ, কামরাঙ্গীরচর ও কেরানীগঞ্জ** এলাকার ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানো ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ইসিজিএসটিএল ফর রুরাল ইলেকট্রিফিকেশন প্রকল্প , পিজিসিবি'র আওতায় নবনির্মিত ফোর সার্কিট ইন্টারকানেকটিং (৩.২৪২ কিঃমিঃ) ১৩২ কেভি নতুন সঞ্চালন লাইনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। নবনির্মিত এই সঞ্চালন লাইনটি ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার শাক্তা , বাসতা/বলসতা, বামনসূর, আঁটিবাজার, রায়েরচর, মাঝেরচর ইত্যাদি মৌজার/ এলাকার অংশ বিশেষের উপর দিয়ে অতিক্রম করেছে। সঞ্চালন লাইনটির (লালবাগ-১, লালবাগ-২, লালবাগ-৩ ও কামরাঙ্গীরচর) ৪টি সার্কিট গত ০৮/০৮/২০২১ ইং, (রবিবার) বেলা ১৩:৪২ হতে ১৩:৪৭ ঘটিকায় ১৩২ কেভিতে নো-লোডে চালু করা হয়েছে। চালুর পর হতে সঞ্চালন লাইনটির ৪টি সার্কিট সবসময় উচ্চ (১,৩২,০০০) ভোল্টেজে বিদ্যুতায়িত থাকছে।

দূর্ঘটনা এড়াতে জনসাধারণকে উক্ত ১৩২ কেভি নতুন সঞ্চালন লাইনের টাওয়ারে আরোহন , গবাদি পশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো , লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও বড় বৃক্ষাদি রোপণ প্রভৃতি ঝুঁকিপূ র্ণ কাজ হতে বিরত থাকতে অনুরোধ করা হচ্ছে। একইসাথে সকলকে ১৩২ কেভি লাইন হতে নিরাপদ দূরত্বে (তারের উভয় পার্শ্বে ১৫ মিটার) থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উক্ত সঞ্চালন লাইন বা টাওয়ারের সংস্পর্শে এসে কেউ দূর্ঘটনায় শিকার হলে ''পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ দায়ী থাকবে না।

মোহাম্মদ শহীদ হোসেন
প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক (অতিঃদায়িত্ব)
ইসিজিএসটিএল ফর রুরাল ইলেকট্রিফিকেশন প্রকল্প